২. হিউম কিভাবে ধারণার সম্বন্ধ (relation of Ideas) এবং বাস্তব বা জাগতিক ঘটনার (matters of fact) মধ্যে পার্থক্য করেছেন? 5

→ [অভিজ্ঞতাবাদী দার্শনিক হিউম আমাদের জ্ঞানের বিষয়বস্তুগুলিকে দুইভাগে ভাগ করেছেন - ধারণার সম্বন্ধ এবং বাস্তব ঘটনা। প্রথম ধরণের বিষয় নিয়ে আলোচনা করে যে বিজ্ঞান তার উদাহরণ দিতে গিয়ে জ্যামিতি, বীজগণিত ও পাটিগণিতের নাম উল্লেখ করা যেতে পারে। এই সমস্ত বিজ্ঞানে যা ঘোষণা করা হয় তার "স্বতঃস্ফূর্ত অনুভূতিমূলক" বা "প্রমাণমূলক" নিশ্চয়তা আছে। যেমন, "৫ এর ৩ গুন হল ৩০ এর অর্ধেকের সমান" - এইপ্রকার জ্ঞান অভিজ্ঞতা নিরপেক্ষ বিশুদ্ধ চিন্তার দ্বারাই লাভ করা যায়। ধারণার সম্বন্ধ বিষয়ক সত্যকে শুধুমাত্র পূর্বতঃসিদ্ধ চিন্তাপ্রক্রিয়ায় জানা যায়। অভিজ্ঞতার ওপর নির্ভর করার প্রয়োজন হয় না। ধারণার সম্বন্ধ বিষয়ক বচনের বিপরীতটি হল স্ববিরোধযুক্ত ও বোধের অগম্য অর্থাৎ 2 + 2 = 4 এর বিপরীত বা বিরুদ্ধ বচন সম্ভব নয়।

অপরদিকে বাস্তব ঘটনা সম্পর্কিত জ্ঞান ধারণার সম্বন্ধের মতো সুনিশ্চিত ও স্বতঃসিদ্ধ নয়, বরং সম্ভাব্য। সকল বাস্তব ঘটনা সম্পর্কিত জ্ঞান এমন যে, তার বিপরীত বিষয়টি সহজেই চিন্তা করা যায় এবং সেই চিন্তায় কোন স্ববিরোধ দেখা দেয় না। "ফুলটি হয় লাল" — এটিও যেমন চিন্তা করতে পারি তেমনই "ফুলটি নয় লাল" - এটিও চিন্তা করতে পারা যায়। সুতরাং এই প্রকার জ্ঞানের বিকল্প মাত্রই মিথ্যা হয় না।] 6M

হিউমের মতে, বাস্তব ব্যাপার সম্পর্কে আমাদের জ্ঞান নির্ভর করে কার্য-কারণ সম্পর্কের ওপর। কার্য-কারণের ওপর নির্ভর করেই বর্তমান ইন্দ্রিয় অভিজ্ঞতা ও স্মৃতিকে অতিক্রম করা যায়। কার্য-কারণের জ্ঞান কোন ক্ষেত্রেই পূর্বতঃসিদ্ধ নয়, অভিজ্ঞতালব্ধ। হিউম তার "Enquiry"-তে প্রমাণ করার চেষ্টা করেছেন যে সমস্ত প্রাকৃতিক ঘটনা অভিজ্ঞতার দ্বারাই জানা যায়, বিচারবুদ্ধির দ্বারা নয়। হিউম মনে করেন, কেবল কারণের বিশ্লেষণ দ্বারাই কার্য সম্পর্কে অনুমান করা যায় না, উদাহরণ স্বরূপ, যদি দুটি বিলিয়ার্ড বলের মধ্যে সংযোগ হয় তবে অনুমান করতে পারি যে, প্রথমটির গতি দ্বিতীয় বলটিতে গতির সৃষ্টি করবে। কিন্তু এক্ষেত্রে অন্য অনুমানও অসম্ভব নয়, যেমন সংযোগের পর প্রথম বলটি ফিরে আসবে অথবা লাফিয়ে উঠবে ইত্যাদি। এইসব উদাহরণের সাহায্যে হিউম বলতে চেয়েছেন, বাস্তব ঘটনা সম্পর্কে সব অনুমান হল কার্য কারণ সম্পর্ক ভিত্তিক এবং কার্য-কারণের জ্ঞান মানেই অভিজ্ঞতা নির্ভর, পূর্বতঃসিদ্ধ নয়।

ধারণার সম্বন্ধ বিষয়ক জ্ঞান অর্থাৎ জ্যামিতি বা অংক শাস্ত্রের জ্ঞান যেহেতু সরাসরি কোন জাগতিক ব্যাপার নয়, সেহেতু এই প্রকার জ্ঞান অভিজ্ঞতা নিরপেক্ষভাবে লাভ করা যায়। সেই কারণে হিউম মনে করেন ধারণার সম্বন্ধ বিষয়ক সত্যকে জানতে গেলে বাস্তব ঘটনার ওপর নির্ভর করতে হয় না, ধারণার সম্বন্ধ বিষয়ক জ্ঞানগুলি প্রমাণমূলক বা স্বজ্ঞামূলকভাবে সুনিশ্চিত। সেই কারণে হিউম পূর্বতঃসিদ্ধ চিন্তনকে বাস্তব ঘটনা সম্পর্কে স্বীকার না করলেও ধারণার সম্বন্ধ বিষয়ক সত্যের ক্ষেত্রে স্বীকার করেছেন।

Subrabhat Chowdhury

Scanned with CamScanner